






# H5N1 “বার্ড ফ্লু”
# ডেয়ারী পরিচালক/উৎপাদকদের জন্য পরামর্শগুলি

**পরিস্থিতি:** 2022 সাল থেকে, মার্কিন যুক্তরাষ্ট্রে গৃহপালিত হাঁস-মুরগি, বন্য পাখি, বিড়াল, অন্যান্য ছোট স্তন্যপায়ী প্রাণী এবং ডেয়ারীর গরুর মতো পশুদের মধ্যে অত্যন্ত রোগজীবাণুসম্পন্ন অ্যাভিয়ান ইনফ্লুয়েঞ্জা A (highly pathogenic avian influenza A, HPAI) ভাইরাসের বিষয়ে রিপোর্ট পাওয়া গেছে। এই ভাইরাসটি H5N1 বা “বার্ড ফ্লু” নামেও পরিচিত।

2024 সালে, মার্কিন যুক্তরাষ্ট্রে সংক্রামিত গরু থেকে কাঁচা দুধ নিয়ে ব্যবহার করা লোকজনের মধ্যে বেশ কয়েকটি H5N1 সংক্রমণের বিষয়ে রিপোর্ট পাওয়া গেছে। ডেয়ারী পরিচালকরা তাদের কর্মীদের মধ্যে সংক্রমণের ঝুঁকি কমানোর ব্যবস্থা করে এই ভাইরাসটি ছড়িয়ে পড়া বন্ধ করার ক্ষেত্রে সাহায্য করতে পারেন।

**মানুষের জন্য সম্ভাব্য ঝুঁকি:** “অত্যন্ত রোগজীবাণুসম্পন্ন” অ্যাভিয়ান ইনফ্লুয়েঞ্জা পদটি এই সত্যকে বোঝায় যে এই ভাইরাসটি পাখিদের মধ্যে গুরুতর অসুস্থতার কারণ হয়ে থাকে। যদিও ভাইরাসটির মধ্যে মানুষকে গুরুতরভাবে অসুস্থ করে তোলার কারণ হওয়ারও সম্ভাবনা রয়েছে, তবুও মার্কিন যুক্তরাষ্ট্রে বর্তমানের এই সংক্রমণের ক্ষেত্রে এখনও এরকম কিছু দেখা যায়নি। H5N1 অ-পাস্তুরিত দুধ বা দুগ্ধজাত দ্রব্য – এবং সংক্রামিত পাখি এবং অন্যান্য প্রাণীর মল, আবর্জনা বা অন্যান্য নিঃসরণ দ্বারা দূষিত বস্তুর মাধ্যমে ছড়িয়ে পড়তে পারে।

**পরামর্শের মধ্যে এইগুলি শামিল রয়েছে:** খামারকর্মী এবং পশুপক্ষীগুলির রক্ষা করা, অসুস্থতা আছে কিনা তা লক্ষ্য করা এবং এটি নিশ্চিত করা যে কোনো পশুপক্ষী অসুস্থ হলে আপনার খামার যাতে সেটির জন্য প্রস্তুত থাকে।

1. **আপনার কাছে পর্যাপ্তরূপে ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (personal protective equipment, PPE) মজুদ আছে বা কোনো বিশ্বস্ত উত্স থেকে সেগুলি পাওয়া যাবে তা জানার বিষয়টি নিশ্চিত করুন।**
   - পরামর্শ দেওয়া PPE সংক্রান্ত সরবরাহকৃত বস্তুগুলি-এর উপর পর্যালোচনা করুন।
     www.cdc.gov/bird-flu/prevention/worker-protection-ppe.html
   - যদি PPE সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকে তাহলে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ-এর সঙ্গে যোগাযোগ করুন।
     www.health.ny.gov/contact/contact_information/
   - অসুস্থ পশুপক্ষীদের সংস্পর্শে আসার পর খামারকর্মীদের পোশাক পরিবর্তন করা উচিত।

2. **এই বিষয়টি নিশ্চিত করুন যে এমন প্রাণীদের নিয়ে কাজ করার সময় কর্মীরা উপযুক্ত PPE পরেছেন যেগুলি H5N1 দ্বারা সংক্রামিত বা সম্ভাব্যভাবে সংক্রমিত বলে জানা আছে –এবং যখন তারা সেইসব প্রাণী থেকে উৎপন্ন দ্রব্যগুলি নিয়ে কাজ করেন, যেমন কাঁচা দুধ।** PPE-এর মধ্যে এই বস্তুগুলি শামিল রয়েছে:


বা



সুরক্ষা প্রদানকারী গগলস বা ফেসশিল্ড



বা




N95 মাস্ক বা N95 রেস্পিরেটর



দস্তানা (গ্লাভস)




পায়ে পরার জিনিসপত্র (জুতা)



তরল-প্রতিরোধী কভারঅল



জলরোধী অ্যাপ্রোন, যদি কাজের জন্য প্রয়োজন হয়


বা


মাথা বা চুল ঢাকার জিনিসপত্র

3. **PPE এবং অন্যান্য সুরক্ষামূলক ব্যবস্থা সম্পর্কে খামারকর্মীদের শিক্ষিত করুন।**
   - পারতপক্ষে আপনার মুখমণ্ডল, চোখ, নাক বা মুখ স্পর্শ করবেন না।
   - ঘন ঘন হাত ধুবেন।
   - কাঁচা দুধ বা কাঁচা দুধের দ্রব্য সেবন করবেন না। কাঁচা দুধ পান করা কখনোই নিরাপদ নয়।
   - জামাকাপড় পরিবর্তন করবেন, নিষ্পত্তিযোগ্য PPE ফেলে দেবেন এবং অসুস্থ পশুপক্ষীর সংস্পর্শে আসার পরে পুনরায় ব্যবহারযোগ্য PPE-গুলি জীবাণুমুক্ত করবেন।
   - আপনার বার্ষিক ফ্লু ভ্যাকসিনটি নেবেন। এতে H5N1 প্রতিরোধ করবে না, তবে এটি ভাইরাসটির একজন থেকে আরেকজনের মধ্যে সংক্রমণের ক্ষমতাটি রোধ করতে সাহায্য করতে পারে, যেমন মৌসুমী ফ্লুর ক্ষেত্রে হয়।
   - প্রথমে হাত না ধুয়ে কোনো জিনিস খাবেন না, পান করবেন না, ধূমপান করবেন না, নাক দিয়ে গ্রহণ করবেন না বা অন্য এমন কোনো কার্যকলাপ করবেন না যেখানে হাতের সঙ্গে মুখের স্পর্শ হয়। কাজ করার/পশুপক্ষীবহুল এলাকার বাইরে একটি পরিষ্কার জায়গায় গিয়ে বিরতি নেবেন।
4. **ভালো জৈব নিরাপত্তা অনুশাসন মেনে করুন।**
   - খামার থেকে রোগকে দূরে রাখার জন্য এবং খামারে রোগ ছড়িয়ে পড়া রোধ করার জন্য জৈব-নিরাপত্তা অনুশীলন বাড়াবেন।
   - আপনার যদি প্রশ্ন থাকে তাহলে আপনার পশুচিকিৎসক, কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets, AGM)-এর আঞ্চলিক পশুচিকিৎসক, এবং/বা মার্কিন কৃষি বিভাগ (United States Department of Agriculture, USDA)-এর এলাকার দায়িত্বরত পশুচিকিৎসক (Area Veterinarian In Charge)-এর সাথে যোগাযোগ করুন।
   - অসুস্থ পশুপক্ষীর সংস্পর্শে আসা শুধুমাত্র গুরুত্বপূর্ণ কর্মীদের মধ্যে সীমাবদ্ধ রাখবেন।
5. **একজন খামারকর্মী অসুস্থ পশুপক্ষীর সংস্পর্শে এলে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সতর্ক করুন। এছাড়াও অসুস্থ পশুপক্ষীর সংস্পর্শে আসা কোনো খামারকর্মীর উপসর্গ দেখা দিলেও তাদের সাথে যোগাযোগ করুন।**
   - মানুষের মধ্যে H5N1 সংক্রমণের লক্ষণ ও উপসর্গগুলির মধ্যে এইগুলি শামিল থাকতে পারে: চোখ লাল হওয়া/চোখে জ্বালা/চোখে জল আসা, কাশি, গলা ব্যথা, সর্দি বা নাক বন্ধ, মাংসপেশী বা শরীরে ব্যথা, মাথাব্যথা, ক্লান্তিভাব, শ্বাসকষ্ট, জ্বর এবং ডায়রিয়া।




**পরিস্থিতিগত আপডেট, সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নগুলির উত্তর এবং সুরক্ষা সম্পর্কিত পরামর্শগুলির জন্য:**

USDA পশুপক্ষী ও উদ্ভিদাদির স্বাস্থ্য পরিদর্শন পরিষেবা (Animal and Plant Health Inspection Service, APHIS)-এর ওয়েবপেজ

www.aphis.usda.gov/livestock-poultry-disease/avian/avian-influenza/hpai-detections/livestock

**নির্দেশাবলী সম্পর্কে আপ টু ডেট থাকার জন্য:**

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health)-এর ওয়েবসাইট

www.health.ny.gov/diseases/communicable/influenza/avian/

NEW YORK STATE | Department of Health

Cornell Cooperative Extension
Central New York Dairy, Livestock and Field Crops